

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৩৪

অমরপুর, ৩০ জানুয়ারি, ২০২৪

অমরপুরে বাল্য বিবাহ ও বোটি বাঁচাও
বোটি পড়াও বিষয়ক আলোচনাচক্র

বাল্য বিবাহ ও বোটি বাঁচাও বোটি পড়াও বিষয়ক আলোচনাচক্র আজ অমরপুরের পুরাতন টাউনহলে অনুষ্ঠিত হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত এই আলোচনাচক্রের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, মহিলারাও আজ পুরুষদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে রাজ্য ও দেশের কল্যাণে কাজ করে যাচ্ছে। মহিলারা যত এগিয়ে যাবে দেশের সামাজিক ও অর্থনৈতিক ভিতও দৃঢ় হবে। এছাড়াও বক্তব্য রাখেন অমরপুর মহকুমা পুলিশ আধিকারিক দেবাজলি রায়। স্বাগত বক্তব্য রাখেন সিডিপিও স্বপন দেবনাথ। এছাড়াও উপস্থিত ছিলেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ রুদ্রপাল, অমরপুর বিএসির চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া প্রমুখ।
